

## 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪১৮

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. জামা'আতে সালাত সম্পাদন ও ইমামতি - কাতারের পিছনে একাকী সালাত আদায়কারীর বিধান

## আরবী

وَعَنْ أَبِي بَكْرَةَ \_ رضي الله عنه \_ أَنَّهُ انْتَهَى إِلَى النَّبِيِّ \_ صلى الله عليه وسلم \_ وَهُوَ رَاكِعٌ, فَرَكَعَ قَبْلَ أَنْ يَصِلَ إِلَى الصَّفِّ, فَقَالَ لَهُ النَّبِيُّ \_ صلى الله عليه وسلم: «زَادَكَ اللَّهُ حِرْصًا، وَلَا تَعُدْ». رَوَاهُ الْبُخَارِيُّ. (1)

وَزَادَ أَبُو دَاؤُدَ فِيهِ: فَرَكَعَ دُونَ الصَّفِّ, ثُمَّ مَشَى إِلَى الصَّفِّ

صحيح. رواه البخاري (783)

صحيح. رواه أبو داود (684)، ولكن لفظه: قال صلى الله عليه وسلم: «أيكم الذي ركع دون الصف، ثم مشى إلى الصف؟» الحديث

## বাংলা

8১৮. আবূ বকরাহ (রাঃ) হতে বর্ণিত যে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এমন অবস্থায় পৌছলেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখন রুকু'তে ছিলেন। তখন কাতার পর্যন্ত পৌছার পূর্বেই তিনি রুকু'তে চলে যান। (এ ঘটনা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট ব্যক্ত করা হলে) তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাকে বললেন, আল্লাহ তা'আলা তোমার আগ্রহকে আরও বাড়িয়ে দিন।

তবে এ রকম আর করবে না। আবূ দাউদ বৃদ্ধি করেছেন : তিনি "সালাতের সারি পর্যন্ত না পৌঁছে রুকু করেন, অতঃপর রুকুর অবস্থায় এগিয়ে গিয়ে সারিতে সামিল হন।[1]



## ফুটনোট

[1] বুখারী ৭৮৩, নাসায়ী ৮৭১, আবূ দাউদ ৬৮৩, ৬৮৪, আহমাদ ১৯৮৯২, ১৯৯৯৪

আবূ দাউদের বর্ণনায় রয়েছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, أيكم الذي ركع دون الصف، ثم তোমাদের মধ্যে কে কাতারে না পৌঁছে রুকু আরম্ভ করে, অতঃপর এ অবস্থায় কাতারে শামিল হয়?

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু বাকরা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন